দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশান কেন্দ্র

তারিখ ... 27 JUN 1989 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 4 ...

128

20

## কারিগরী শিক্ষার মান উন্নয়নের উপর গুরুত্ব আরোপ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম কারিগরি শিক্ষার গুণগত মান বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করিয়া বলিয়াছেন। বিআইটি সমূহকে প্রকৌশল ও কারিগরি জ্ঞান বিতরণের আদর্শ (১১শ পৃঃ দ্রঃ)

## কারিগরি শিক্ষার মান

(১ম পৃঃ পর)

উচ্চ বিদ্যাপীঠ হিসাবে গড়িয়া তুলিতে হইবে।

মন্ত্রী গতকাল সকালে বি আইটি সমূহের ৮ম কাউন্সিল সভায় সভাপতির ভাষণ দিতেছিলেন। তিনি বলেন, কারিগরি শিক্ষার মান উন্নত রাখার উদ্দেশ্যে যথাযথ মূল্যায়ন এবং তদারকি ব্যবস্থা জোরদার করিতে হইবে। সভায় বিভিন্ন বি আই টিতে দীর্ঘদিন যাবৎ কর্মরত শর্তসূচক চতুর্থ শ্রেণীর কর্মচারীদেরকে বিআইটিতে নিয়মিতভাবে আত্মীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গাজীপুরস্থ ঢাকা বিআইটির সার্বিক পরিস্থিতি নিয়া আলোচনা করা হয় এবং যথাশীঘ্র সম্ভব ইনষ্টিটিউটের অবস্থার উন্নতি ঘটাইয়া প্রতিষ্ঠানটি খোলার ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়। সভায় যেকোন মূল্যে বি আই টিতে শিক্ষার পরিবেশ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। শিক্ষা সচিব হেদায়েত আহমেদ এবং বি আই টি সমূহের ভাইস চেয়ারম্যান অধ্যাপক ওয়াহিদউদ্দিন সভায় বক্তৃতা করেন।

পরে শিক্ষামন্ত্রী তেজগাঁয়ে পলিটেকনিক ফাইনাল পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। —তথ্য বিবরণী।